গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ অধিশাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০১৪.১৮.২১৩

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ৫ম ব্যাচে কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ৫ম ব্যাচ আগামী ২০ জানুয়ারি ২০১৯ তারিখ হতে শুরু হবে। প্রশিক্ষণ কোর্সটি অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় আয়োজন করা হয়।

০২। প্রশিক্ষণের মেয়াদ ১০ সপ্তাহ। প্রথম ৬ সপ্তাহ শুধু জননীতির বিভিন্ন বিষয় সম্পর্কে ধারণা দেওয়া হবে। পরবর্তী ৩ সপ্তাহ সংশ্লিষ্ট দপ্তর/বিভাগে সংযুক্ত করা হবে। এ সময় প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করবেন এবং দশম সপ্তাহে উক্ত প্রতিবেদন চূড়ান্ত করবেন। কোর্স সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নরূপ:

(ক)	উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন যাদের বয়স অনূর্ধ্ব ৫২ বছর।
(খ)	কোর্সে প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০-৩৫ জন হবে। এর মধ্যে ২৫ জন সরকারি কর্মকর্তা এবং অবশিষ্ট ১০ জন বেসরকারি কর্মকর্তা যারা উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে নির্বাচিত হবেন।
(গ)	মনোনীত সরকারি কর্মকর্তাগণ ১০ সপ্তাহ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন।
(ঘ)	কোর্সটি সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দৈনিক যাতায়াত ভাতা হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা এবং দুপুরে খাবার দেওয়া হবে।
(ঙ)	শীর্ষস্থান অধিকারী ৫ জন কর্মকর্তাকে এক সপ্তাহের জন্য বিদেশে কোন স্বনামধন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নীতিবিষয়ক প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।

০৩। উপযুক্ত প্রার্থীগণকে আগামী ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দৃ: আ: অতিরিক্ত সচিব, সিপিটি, কক্ষ-১০১, ভবন-৩, ২য় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বরাবর নির্ধারিত ফরমে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আনোয়ারুল ইসলাম সরকার)
উপসচিব
ফোন: ৯৫৭৭১১৩

অনুলিপি (সদয় অবগতির জন্য):

পরিচালক
বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স এ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)
ই-৩৩, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

আবেদন ফরম

বরাবর

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

বিষয়: "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ৫ম ব্যাচে মনোনয়নের আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ৫ম ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য আমার প্রয়োজনীয় তথ্যাবলি সদয় অবগতির জন্য পেশ করলাম:

০১।	নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল	:	
০২।	জন্ম তারিখ	:	
০৩।	বয়স (৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে)	:	
০৪।	চাকরিতে যোগদানের তারিখ	:	
০৫।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
০৬।	চাকরি স্থায়ীকরণের তারিখ	:	
০৭।	শিক্ষাগত যোগ্যতার বিবরণ	:	
০৮।	মোবাইল নম্বর	:	
০৯।	ইমেইল নম্বর	:	

এমতাবস্থায়, আমাকে উল্লিখিত কোর্সে মনোনয়ন প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত,

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

বাংলাদেশ ইনস্টিটিউট
অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট
(ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)
ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা - ১২০৭

BIGM

মোহাম্মদ তারেক পিএইচডি (বোস্টন)
ব্যবস্থাপনা পরিচালক, বোর্ড অব ট্রাস্টিজ ও
পরিচালক, বিআইজিএম
প্রাক্তন সিনিয়র সচিব, অর্থ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাক্তন বিকল্প নির্বাহী পরিচালক, বিশ্ব ব্যাংক
ফোন: ৮৮০-৯১৪০৭৪০, ফ্যাক্স: ৮৮০-৯১৪১২৫১
মোবাইল : ৮৮-০১৫৫৩১৫০৬৭৭, ই-মেইল : mohammad.tareque@bigm.edu.bd

ডিও নং-বিআইজিএম/পিএটিসি/২০১৮-২৩৪ | তারিখ: ৩০/১০/২০১৮খ্রি.

বিষয়: "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে ৫ম ব্যাচের কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

প্রিয় সচিব,

আন্তরিক শুভেচ্ছা নিবেন।

২। আপনি জেনে আনন্দিত হবেন যে, BIGM - এ Policy Analysis কোর্সের ৫ম ব্যাচের প্রশিক্ষণ আগামী ২০ জানুয়ারি ২০১৯খ্রি. হতে শুরু হতে যাচ্ছে। বাংলাদেশের উন্নয়ন গতিধারাকে আরও উন্নতস্তরে নিয়ে যাওয়া এবং তাকে আরও বেগবান করার জন্য দক্ষ, উদ্ভাবনী ও সৃজনশীল প্রশিক্ষিত কর্মকর্তা একান্ত আবশ্যক। সার্বিক জনপ্রশাসনের ও সংশ্লিষ্ট বেসরকারী খাতের কর্মকর্তাদের মধ্যে এই উন্নততর দক্ষতা ও চিন্তার স্ফুরণ ঘটানোর লক্ষ্যে এ কোর্সটির আয়োজন করা হচ্ছে।

৩। প্রশিক্ষণটি মোট ১০ সপ্তাহব্যাপী হবে। এর মধ্যে ১ম ৬ সপ্তাহ শুধুমাত্র জননীতির বিভিন্ন বিষয় সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে ধারণা দেয়া হবে এবং পরবর্তী ৩ সপ্তাহ তাঁকে সংশ্লিষ্ট দপ্তর/বিভাগে সংযুক্ত করা হবে।এই সময়ে প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন তৈরি করবেন। ১০ম সপ্তাহে প্রশিক্ষণার্থী প্রতিবেদন চূড়ান্ত করবেন। এই প্রতিবেদনটির গুণগত মান, প্রতিটি Module-এ ব্যক্তিগত/সমষ্টিগত এসাইনমেন্ট ও ক্লাস/সেমিনারে অংশগ্রহণের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাকে মূল্যায়ন করা হবে। এখানে উল্লেখ্য ঃ

- ক) প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষস্থান অধিকারী ৫ জন কর্মকর্তাকে এক সপ্তাহের জন্য বিদেশে কোন স্বনামধন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নীতিবিষয়ক প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।
- খ) প্রতিবছর প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সর্বোত্তম বিবেচিত প্রতিবেদনসমূহের সমন্বয়ে একটি বার্ষিক জার্নাল প্রকাশ করা হবে।
- গ) প্রশিক্ষণটি সপ্তাহে ০৫দিন শনিবার থেকে বুধবার সকাল ৯:০০টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৫০০ টাকা করে প্রদান করা হবে ও দুপুরের খাবার দেয়া হবে।
- ঘ) মনোনীত সরকারি কর্মকর্তাগণ ১০ সপ্তাহ প্রশিক্ষণকালীন সময়ে BIGM – এ সংযুক্ত থাকবেন।
- ঙ) প্রতিটি কোর্সে প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০-৩৫ জন হবে। এর মধ্যে ২৫ জন সরকারি কর্মকর্তা (কমপক্ষে ৮ জন নারী কর্মকর্তাসহ) এবং বাকী ১০ জন বেসরকারি কর্মকর্তা হবেন। এজন্য ৪০ জন কর্মকর্তার একটি প্যানেল প্রস্তুত করা প্রয়োজন। বেসরকারি প্রশিক্ষণার্থীদের উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৪। আপনি অবহিত আছেন যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় এবং তাঁদের সহযোগিতায় এই প্রশিক্ষণ কোর্সটির আয়োজন করা হচ্ছে। এই কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপ-সচিব বা যুগ্ম-সচিব পর্যায়ের BCS ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়স অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন।

৫। এমতাবস্থায়, আগামী ২০ জানুয়ারি ২০১৯খ্রি. থেকে অনুষ্ঠেয় "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সটির ৫ম ব্যাচের জন্য সিনিয়র সহকারী সচিব/ উপ-সচিব/ যুগ্ম সচিব (বয়স অনূর্ধ্ব ৫২ বছর) পদমর্যাদার বা সমমর্যাদার কমপক্ষে ৮ জন নারী কর্মকর্তাসহ উপযুক্ত ২৫ জন কর্মকর্তা মনোনয়নের লক্ষ্যে ৪০ জন কর্মকর্তার একটি প্যানেল প্রস্তুতির ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

৬। আগামী ২০ জানুয়ারি ২০১৯খ্রি. রবিবার সকাল ০৯:০০ টায় উক্ত কোর্সের উদ্বোধনী আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি।

আন্তরিকভাবে আপনার

(ড. মোহাম্মদ তারেক)
সাবেক অর্থসচিব
ও
পরিচালক, বিআইজিএম।

জনাব ফয়েজ আহম্মদ
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০।